

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” অ্যাপ্লিকেশনটি পাইলটিং হিসেবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: দিলদার হোসেন
উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আহ্বায়ক, স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” বাস্তবায়ন কমিটি।
সভার তারিখ : ০২-১২-২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ টা
স্থান : এনএসডিএস সম্মেলন কক্ষ (রুম নং- ৯২৪), পরিসংখ্যান ভবন।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” উদ্ভাবনী উদ্যোগটি দ্রুত বাস্তবায়নের গুরুত্ব সভায় তুলে ধরে। এ পর্যায়ে সভাপতি পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। এরইপ্রেক্ষিতে এনএসডিএস প্রকল্পে নিযুক্ত পরামর্শক জনাব সাজেদুর রহমান বলেন stat@bbs.gov.bd নামে একটি ই-মেইল আইডি এবং stat.bbs.gov.bd নামে একটি সাব-ডোমেইন প্রস্তুত প্রক্রিয়াধীন রয়েছে যা আগামী ৮-১২-২০২১ তারিখের মধ্যে সম্পন্ন হবে। তাছাড়া সাব-ডোমেইন হোস্ট করার জন্য একটি Real IP রেজিস্টার করা আছে। এ পর্যায়ে সভাপতি বলেন অনির্দিষ্ট কার্যক্রমসমূহ দ্রুত সম্পন্ন করতে হবে এবং ০৮-১২-২০২১ তারিখের মধ্যে “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” অ্যাপ্লিকেশনটি সার্ভারে হোস্ট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। এ পর্যায়ে সভাপতি অ্যাপ্লিকেশনের মাধ্যমে কোন কোন ইন্ডিকেটর সমূহ প্রেরণ করা হবে এ বিষয়ে সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। সভাপতি ও উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত ইন্ডিকেটর সমূহ চূড়ান্ত করা হয়:

Sl.No	Name of unit	Sl.No	Name of unit
01	Number of Division	17	Forest area
02	Number of District	18	Landless people
03	Number of City corporation	19	Blue-economic area
04	Number of Municipality	20	GDP at current market prices (in billion Tk)
05	Number of Upazila	21	Per capita Income (in Tk)
06	Number of Union	22	Growth rate of GDP
07	Average Household Size	23	Share of Agriculture Sector in GDP
08	Access to safe Drinking Water (%)	24	Share of Industry Sector in GDP
09	Access to Sanitary Toilet Facility (%)	25	Share of Service Sector in GDP
10	Coverage of Electricity (%)	26	Inflation Rate
11	Poverty Rate	27	Annual Development Programme (ADP) (in Million Tk)
12	Extreme Poverty Rate	28	Foreign Exchange Reserve (in Million US\$)
13	Mobile Phone Subscribers (in Million)	29	Remittance (in Million US\$)
14	Internet Subscribers (in Million)	30	Export (in Million Tk.)
15	Total economic Unit/Establishment	31	Import (in Million Tk.)
16	Total fertility rate	32	Share of RMG to Total Export (%)

